গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
সুন্দরবন পশ্চিম বন বিভাগ
খুলনা।

## বিক্রয় দরপত্র বিজ্ঞপ্তি নং-০১, তারিখঃ ২৪/০২/২০২৬ খ্রি.

এতদ্বারা সকল লঞ্চ/ট্রলার/জাহাজ ব্যবসায়ী/পুরাতন কাঠ ব্যবসায়ী ও পুরাতন লোহা ব্যবসায়ী এবং সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত তফসীলে বর্ণিত অকেজো ঘোষিত লঞ্চ এবং অকেজো ঘোষিত স্টোর সামগ্রী ও অকেজো জানালা দরজা যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় বিক্রয় করা হবে। ক্রয় করতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে সিডিউলে উল্লেখিত শর্তাধীনে সীল মোহরকৃত খামে দরপত্র দাখিলের জন্য অনুরোধ করা যাচ্ছে। দরপত্র দাতাগণ দরপত্র দাখিলের পূর্বে অকেজো ঘোষিত লঞ্চ ও মালামাল সরেজমিনে পরিদর্শন করতে পারবেন। এতদব্যতিত অন্যান্য জ্ঞাতব্য বিষয়ে অফিস চলাকালীন বিক্রয় দরপত্র বিজ্ঞপ্তি নং-০১, তারিখঃ ২৪/০২/২০২৬ খ্রি. পর্যালোচনান্তে দেখতে ও জানতে পারা যাবে। **আগামী ০২/০৩/২০২৬ খ্রি. হতে ২৯/০৩/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রতিটি গ্রপের সিডিউল ১,০০০/- (এক হাজার টাকা) মাত্র (অফেরতযোগ্য) ভ্রমণ সহকারী, সুন্দরবন পশ্চিম বন বিভাগ, খুলনার দপ্তর থেকে ক্রয় করা যাবে। দরপত্রসমূহ আগামী ৩০/০৩/২০২৬ খ্রি. তারিখ বেলা ১.০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক, খুলনার কার্যালয় এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে ফেলতে হবে। উক্ত দরপত্রের বাক্স ঐ একই দিন অর্থাৎ** ৩০/০৩/২০২৬ খ্রি. তারিখ বেলা ০১.৩০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে খোলা হবে। তখন ইচ্ছুক দরপত্র দাতাগণ উপস্থিত থাকতে পারবেন। দরপত্র দাতা নিজ দরপত্রে উদ্ধৃত মূল্যের উপর ১০% হারে জামানতের টাকা বাংলাদেশ ব্যাংকের সিডিউলভুক্ত যেকোনো ব্যাংকের ব্যাংক ড্রাফট্ বিভাগীয় বন কর্মকর্তা, সুন্দরবন পশ্চিম বন বিভাগ, খুলনার অনুকূলে জমা দিয়ে ব্যাংক ড্রাফট্ দরপত্রের সাথে দাখিল করবেন। জামানতের টাকা জমা দেয়ার প্রমাণপত্র ছাড়া কোন দরপত্র বিবেচনা করা যাবে না।

<u>তফসীল</u>

| তফসীল/ গ্রুপ নং | কাজের বিবরণ | অবস্থান |
|---|---|---|
| ১ | সুন্দরবন পশ্চিম বন বিভাগ, খুলনার অকেজো ঘোষিত এম.এল. বনরানী (এম-২৭৭২) লঞ্চ | খুলনা ফরেস্ট স্টেশন, তালিমপুর |
| ২ | সুন্দরবন পশ্চিম বন বিভাগ, খুলনার স্টোরে রক্ষিত অকেজো ঘোষিত স্টোর সামগ্রী ও অকেজো জানালা দরজা | সুন্দরবন পশ্চিম বন বিভাগ, খুলনার বিভাগীয় কার্যালয় |

<u>শর্তাবলী:</u>

১) দরপত্রদাতাকে বিভাগীয় বন কর্মকর্তা, সুন্দরবন পশ্চিম বন বিভাগ, খুলনা এর বরাবরে সীলমোহরকৃত বন্ধ খামে জেলা প্রশাসক, খুলনা এর দপ্তর ও বিভাগীয় বন কর্মকর্তা, সুন্দরবন পশ্চিম বন বিভাগ, খুলনা এর দপ্তরে দাখিল করতে হবে। খামের উপর দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ এবং তফসীল নম্বর/গ্রুপ নম্বর উল্লেখ করতে হবে।

২) দরপত্র দাতাগণ সিডিউলে বর্ণিত প্রতিটি আইটেমের মূল্য পৃথক পৃথকভাবে উল্লেখ করবেন। দরপত্র সিডিউলে ক্রেতা কর্তৃক উল্লেখিত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। কোনরূপ ওভার রাইটিং বা ঘসামাজা বা অস্পষ্ট দর গ্রহণযোগ্য নয়।

৩) দরপত্র দাতাগণ তার দরপত্রে উদ্ধৃত মূল্যের উপর ১০% হারে জামানতের টাকা বাংলাদেশ ব্যাংকের সিডিউলভুক্ত যেকোন ব্যাংকের ব্যাংক ড্রাফট্ বিভাগীয় বন কর্মকর্তা, সুন্দরবন পশ্চিম বন বিভাগ, খুলনার অনুকূলে জমা দিয়ে ব্যাংক ড্রাফট্ এর মূল কপি দরপত্রের সাথে দাখিল করবেন। জামানতের টাকা জমা দেয়ার প্রমাণপত্র ছাড়া কোন দরপত্র বিবেচনা করা যাবে না।

৪) দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স (২০২৫-২৬), আয়কর সনদপত্র (২০২৪-২৫) ও ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৫) দরপত্রদাতাকে দরপত্র দলিলের প্রতি পাতায় স্বাক্ষর, তারিখ ও সীল প্রদান করতে হবে।

৬) দরপত্রদাতা দরপত্র দাখিলের পূর্বে তফসীলে বর্ণিত এম.এল. বনরানী লঞ্চ ও স্টোর সামগ্রী সরেজমিনে দেখে দরপত্র দাখিল করবেন। দরপত্র দাখিলের পর কোনরূপ ওজোর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৭) মূল্য পরিশোধের পর বিক্রীত মালামাল তদারকি, নিরাপত্তার দায়-দায়িত্ব সম্পূর্ণরূপে ক্রেতার উপর বর্তাবে। পরবর্তীতে কোন ক্ষয়ক্ষতির জন্য সরকারকে দায়ী করা যাবে না।

৮) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর বিধি মোতাবেক দরপত্র দাতাকে তার উদ্ধৃত মূল্যের উপর ৫% হারে উৎসে আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর প্রদান করতে হবে। এছাড়া সরকার আরও যদি কোন পরিশোধযোগ্য কর আরোপ করেন ক্রেতাকে তাও পরিশোধ করতে হবে।

৯) নিম্নস্বাক্ষরকারী ইচ্ছা করলে দরপত্র গ্রহণের তারিখ পরিবর্তন বা বাতিল করতে পারবেন।

১০) দরপত্র সংক্রান্ত বিষয়ে যদি কোন জটিলতার সৃষ্টি হয় তদবিষয়ে বন সংরক্ষক, খুলনা অঞ্চল, খুলনা কর্তৃক গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১) সরকারি নির্ধারিত মূল্যের নিম্নের দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১২) নিম্নস্বাক্ষরকারী ইচ্ছা করলে দরপত্র গ্রহণের পূর্ব দিন পর্যন্ত বর্ণিত শর্তাবলীর কোন অংশ বাতিল/কোন অংশ সংশোধন অথবা অন্যকোন নতুন শর্ত সংযোজন করতে পারবেন।

১৩) কৃতকার্য দরপত্রদাতাকে নোটিশ জারীর ০৭(সাত) দিনের মধ্যে বিক্রিত মালামালের সমুদয় মূল্য একত্রে নগদ অর্থে ভ্রমণ সহকারী, সুন্দরবন পশ্চিম বন বিভাগ, খুলনার নিকট জমা প্রদান করে মানি রসিদ গ্রহণ পূর্বক ক্রয়কৃত মালামাল বুঝে নেওয়ার জন্য নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আবেদন করতে হবে।

১৪) সমুদয় মূল্য পরিশোধের পর ক্রীত মালামাল ১৫(পনের) দিনের মধ্যে সরকারি জায়গা হতে অপসারণ করতে হবে।

১৫) শর্তানুযায়ী বিক্রিত মালামালের মূল্য সময়মতো পরিশোধে ব্যর্থ হলে বা পরিশোধ না করলে তজ্জন্য তার জামানাত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং উক্ত মালামাল পুনরায় বিক্রয়ের জন্য উপস্থাপন করা হবে। এক্ষেত্রে পি,ডি,আর এ্যাক্ট, ১৯১৩ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৪/২/২৬

(এ জেড এম হাছানুর রহমান)
বিভাগীয় বন কর্মকর্তা
সুন্দরবন পশ্চিম বন বিভাগ, খুলনা।
ফোন নং-০২৪৭৭৭২০৬৬৫

স্মারক নং- ২২.০১.০০০০.৪৬১.২৪.০০১.২৬. ৭৫৪

তারিখঃ ২৪/০২/২০২৬ খ্রি.।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১) প্রধান বন সংরক্ষক, বাংলাদেশ, বন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২) বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩) বন সংরক্ষক, খুলনা অঞ্চল, খুলনা।
৪) জেলা প্রশাসক, খুলনা।
৫) পুলিশ সুপার, খুলনা।
৬) রেঞ্জ কর্মকর্তা, খুলনা ও সাতক্ষীরা রেঞ্জ।
৭) সহকারী বন সংরক্ষক (সদর), সুন্দরবন পশ্চিম বন বিভাগ, খুলনা।
৮) স্টেশন কর্মকর্তা, খুলনা ফরেস্ট স্টেশন, তালিমপুর।
৯) ভ্রমণ সহকারী, সুন্দরবন পশ্চিম বন বিভাগ, খুলনা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্তে খুলনা শহরে একদিন মাইকিং করার ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। এছাড়া এতদসঙ্গে প্রতিটি গ্রুপের ১০(দশ) প্রস্থ করে সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। প্রয়োজনে আপনার চাহিদা অনুযায়ী অতিরিক্ত সিডিউল সরবরাহ করা হবে।
১০) মেসার্স/জনাব ..................................................................................................................................
১১) অত্র দপ্তরের নোটিশ বোর্ড।